গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
৪/৩ আব্দুল গণি রোড, রেলভবন, ঢাকা-১০০০
www.mor.gov.bd

সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২৬-২০২৭ এর কার্যক্রম (২.১) সেবা প্রদান বিষয়ে আওতাধীন দপ্তর-সংস্থার সমন্বয়ে ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ রূপম আনোয়ার সচিব (রুটিন দায়িত্ব)
সভার তারিখ	২২ সেপ্টেম্বর ২০২৬
সভার সময়	দুপুর ০২:৩০ ঘটিকা
স্থান	কক্ষ নম্বর: ১০২৪ (সভাকক্ষ), রেলভবন, ঢাকা
উপস্থিতি	পরিশিষ্ট 'ক' (রেলপথ মন্ত্রণালয়, বাংলাদেশ রেলওয়ে ও রেলপথ পরিদর্শন অধিদপ্তর সংশ্লিষ্ট কর্মকর্তাগণ)

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি কর্তৃক সভার কার্যক্রম শুরু করা হয়। শুরুতেই মন্ত্রিপরিষদ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২৬-২০২৭ এর কার্যক্রম (২.১) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর-সংস্থার সমন্বয়ে অবহিতকরণের লক্ষ্যে আয়োজিত সভাটির প্রেক্ষাপট উল্লেখ করা হয়।অতঃপর, উপসচিব (প্রশাসন-১), রেলপথ মন্ত্রণালয়-কে সভার বিষয়বস্তু উপস্থাপনের আহ্বান করা হয়।

০২. উপসচিব (প্রশাসন-১) সভায় জানান, মন্ত্রিপরিষদ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা অনুযায়ী ২০২৬-২০২৭ অর্থবছরে কার্যক্রম (১.২) আওতাধীন দপ্তর-সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ নিশ্চিতকরণের বিষয়ে উল্লেখ রয়েছে। কর্মপরিকল্পনার ২.১ অনুযায়ী সেবা প্রদান বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ ও কার্যকরভাবে বাস্তবায়নের নিমিত্ত সভা আয়োজন করার উল্লেখ রয়েছে। প্রতিটি কোয়ার্টারে ১টি করে মোট ৪টি সভা আয়োজন করতে হবে। বিবেচ্য সভাটি ২০২৬-২০২৭ অর্থবছরের ১ম কোয়ার্টারের সভা। তিনি মন্ত্রিপরিষদ বিভাগের ২০২৬-২০২৭ এর সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা মন্ত্রণালয়/বিভাগ/ অধিদপ্তরের জন্য এবং বিভাগীয় পর্যায়ের দপ্তর/সংস্থার জন্য সভায় উপস্থাপন করেন। তিনি জানান, বাংলাদেশ রেলওয়ে ও রেলপথ পরিদর্শন অধিদপ্তরের ওয়েবসাইটে সিটিজেন চার্টার হালনাগাদকৃত নয়। উভয় দপ্তরের ওয়েবসাইটে সিটিজেন চার্টার অংশটি রেলপথ মন্ত্রণালয়ের ওয়েবসাইটের সিটিজেন চার্টারের অনুরূপ হালনাগাদ করতে হবে।

০৩. রেলপথ মন্ত্রণালয়ের অনুবিভাগ প্রধানগণ, বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালক (রুটিন দায়িত্ব), বাংলাদেশ রেলওয়ে ও রেলপথ পরিদর্শন অধিদপ্তরের ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন।

০৪. আলোচনা শেষে সভাপতি মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক প্রতি কোয়ার্টারে সেবা প্রদান প্রতিশ্রুতির কার্যক্রম শেষ করে হালনাগাদ সেবা প্রদান প্রতিশ্রুতি ওয়েবসাইটে আপলোড করে প্রমাণকসমূহ নির্দিষ্ট সময়ে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সকলকে পরামর্শ প্রদান করা হয়।

০৫. বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রম	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৫.১	সিটিজেন চার্টার হালনাগাদকরণ।	বাংলাদেশ রেলওয়ে ও রেলপথ পরিদর্শন অধিদপ্তর কর্তৃক সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করে তার কপি ৩০.০৯.২০২৬ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে; সরকারি রেল পরিদর্শক, রেলপথ পরিদর্শন অধিদপ্তর এবং ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ

৫.২	বাংলাদেশ রেলওয়ের ওয়েবসাইটের সিটিজেন চার্টার সংক্রান্ত।	বাংলাদেশ রেলওয়ে ও রেলপথ পরিদর্শন অধিদপ্তরের ওয়েবসাইটের সিটিজেন চার্টার মন্ত্রণালয়ের ওয়েবসাইটের সিটিজেন চার্টারের অনুরূপ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে; সিএসটিই টেলিকম; সরকারি রেল পরিদর্শক, রেলপথ পরিদর্শন অধিদপ্তর এবং ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ
৫.৩	ত্রৈমাসিক সভা সংক্রান্ত।	বাংলাদেশ রেলওয়ের আওতাধীন মাঠ পর্যায়ের অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত কার্যক্রম যথাযথভাবে তদারকি করবে এবং তার তথ্য ত্রৈমাসিক ভিত্তিতে মন্ত্রণালয়ে প্রেরণ করবে।	মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে এবং ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ

০৬. পরিশেষে, সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি কর্তৃক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

সংযুক্তি: পরিশিষ্ট-ক

সংযুক্তিঃ

(১) পরিশিষ্ট ক

২৮-০৯-২০২৬
মোঃ রূপম আনোয়ার
সচিব (রুটিন দায়িত্ব)

তারিখ: ১৩ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
২৮ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

নম্বর: ৫৪.০০.০০০০.০০০.০০৭.১৮.০০১০.২২.৬২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ রেলওয়ে।
২। অনুবিভাগ প্রধান (সকল), রেলপথ মন্ত্রণালয়।
৩। যুগ্মসচিব, প্রশাসন-১ অধিশাখা, রেলপথ মন্ত্রণালয়।
৪। সরকারি রেল পরিদর্শক (জিআইবিআর), রেলপথ পরিদর্শন অধিদপ্তর।
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, রেলপথ মন্ত্রণালয়।
৬। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, রেলপথ মন্ত্রণালয়।
৭। পরিচালক ট্রাফিক (বাণিজ্যিক), বাংলাদেশ রেলওয়ে।
৮। পরিচালক ট্রাফিক (পরিবহন), বাংলাদেশ রেলওয়ে।
৯। ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, রেলপথ মন্ত্রণালয়।
১০। ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন-১ অধিশাখা, রেলপথ মন্ত্রণালয়।
১১। প্রশাসনিক কর্মকর্তা, রেলপথ পরিদর্শন অধিদপ্তর।

২৮-০৯-২০২৬
বি. এম. মশিউর রহমান
উপসচিব